

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪৮৬

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (ত্যান্)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - দিয়াত (রক্তপণ)

بَابُ الدِّيَاتِ

### আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «هَذِهِ وَهَذِهِ سَوَاءٌ» يَعْنِي الخِنصرُ والإبهامَ. رَوَاهُ البُخَارِيِّ

#### বাংলা

৩৪৮৬-[১] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এটা আর এটা সমতুল্য, অর্থাৎ কনিষ্ঠা ও বৃদ্ধাঙ্গুলি। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৬৮৯৫, নাসায়ী ৪৮৪৭, তিরমিযী ১৩৯২, ইবনু মাজাহ ২৬৫২, সহীহ আল জামি' ৭০১৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: দিয়াত আদায়ের ক্ষেত্রে সকল আঙ্গুলই সমান, যেই আঙ্গুলই হোক না কেন বড় ছোট কোনো প্রকার তারতম্য করা যাবে না। শারহুস্ সুন্নাহ্ কিতাবে বলা হয়েছে যে, প্রত্যেক আঙ্গুলের বিনিময়ে দশটি উট দিয়াত হিসেবে আদায় করা ওয়াজিব। হাত ও পায়ের আঙ্গুলের মধ্যে কোনো প্রকার পার্থক্য নেই। (মিরকাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১২শ খন্ড, হাঃ ৬৮৯৫; 'আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪৫৪৮; তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৩৯২)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন